

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০৭.০১৩.২৩.৪৫৫

তারিখঃ ৯ জৈষ্ঠ্য ১৪৩২ বঙ্গাব্দ  
২৩ জুন ২০২৫ খ্রি.

বিষয়: নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র (এনআরডিটিসি) এর একাডেমিক ভবনে অননুমোদিতভাবে অবস্থান না করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) প্রকল্পের আওতায় নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের (এনআরডিটিসি) একাডেমিক ভবন ও আবাসিক কোয়ার্টারের সংস্কার ও আধুনিকায়নের কাজ সম্পন্ন করে ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্প কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর এনআরডিটিসি একটি স্বতন্ত্র ও টেকসই প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে নিজস্ব আয় হতে যাবতীয় ব্যয় নির্বাহ করার লক্ষ্যে এনআরডিটিসি এর হোস্টেল ভবন, একাডেমিক ও আবাসিক ভবন ব্যবহার বিধি তথা পূর্ণাঙ্গ পরিচালন নীতিমালা প্রণয়ন কাজ চলমান রয়েছে। ব্যবহার বিধি প্রণয়নের পূর্বে ভবনগুলোতে অবস্থান না করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশনা প্রদান করা হলেও কিছু সংখ্যক কর্মকর্তা/কর্মচারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে সম্পন্ন অননুমোদিতভাবে একাডেমিক ভবনের গেট রুম দীর্ঘদিন যাবত অবস্থানসহ প্রতিষ্ঠানের বিদ্যুৎ ব্যবহার করছেন, যা প্রতিষ্ঠানটির আর্থিক স্বয়ংস্বরতা অর্জনের ক্ষেত্রে অন্তরায় সৃষ্টি করছে এবং প্রতিষ্ঠানটির সার্বিক শৃঙ্খলা বিঘ্নিত করছে। তাই কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে এনআরডিটিসি'র একাডেমিক ভবনের গেট রুম বা অন্য কোন ভবনে অবস্থান না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। প্রয়োজনে প্রতিষ্ঠানের স্টাফ কোয়ার্টারে যথাযথ প্রক্রিয়ায় বাসা বরাদ্দ গ্রহণ করে অবস্থানের পরামর্শ প্রদান করা হলো।

এমতাবস্থায়, অননুমোদিতভাবে এনআরডিটিসি'র একাডেমিক ভবনের গেট রুম বা অন্য কোন ভবনে অবস্থানকারীদের অবস্থানকালীন কক্ষ ভাড়া আদায়পূর্বক ভবন খালি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোন: ০২-৪১০১০৩৪১

উপপরিচালক  
নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র (এনআরডিটিসি)  
নোয়াখালী।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, নোয়াখালী;
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. পরিচালক (পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা
৫. উপসহকারী প্রকৌশলী, বিআরডিবি (সাইট ইঞ্জিনিয়ার);
৬. সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠান।
৭. অফিস কপি